

রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড  
বাড়ী নং-১৯, রোড নং-১/বি  
সেক্টর-০৯, উত্তরা, ঢাকা।

বিষয়ঃ আরপিসিএল এর ইনোভেশন টিমের আগস্ট ,২০২০ মাসের মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি	:	জনাব মো: সেলিম উইয়া ইনোভেশন অফিসার ও নির্বাহী পরিচালক (প্রকৌশল),রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড
সভার তারিখ	:	১৮.০৮.২০২০ খ্রিঃ
সভার সময়	:	বেলা ১১.০০ ঘটিকা
সভার স্থান	:	অনলাইন ভিডিও কনফারেন্সিং
উপস্থিতি	:	আরপিসিএল এর ইনোভেশন টিমের সকল সদস্যবৃন্দ


সভাপতি Zoom Cloud Meeting Link এর মাধ্যমে সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় নিম্নোক্ত বিষয়াদির উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা হয় :

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা উপস্থাপন	আরপিসিএল এর ২০২০-২১ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন করে যথাসময়ে বিদ্যুৎ বিভাগে প্রেরন করা হয়েছে। প্রণীত কর্মপরিকল্পনা সভায় উপস্থাপন করত বিস্তারিত আলোচনা হয়।	বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা (২০২০-২১) শতভাগ বাস্তবায়নের লক্ষ্যে ইনোভেশন টিমের সদস্য সচিব ও ব্যবস্থাপক(আইসিটি)-কে নির্দেশনা প্রদান করা হয়।	ব্যবস্থাপক(আইসিটি) আরপিসিএল
০২	মহামারী মোকাবেলায় রুপরেখা ঘটনাস্তর অনুমোদন	প্রণীত কর্মপরিকল্পনায় মহামারী/ আপদকাল মোকাবেলায় আরপিসিএল এর বিশেষ পদক্ষেপের রুপরেখা প্রকাশ করা হয়েছে। উক্ত রুপরেখা অনুযায়ী করোনা মহামারী মোকাবেলায় ন্যায় ভবিষ্যতে যেকোন মহামারী/ আপদকাল মোকাবেলায় আরপিসিএল এর দাপ্তরিক কার্যক্রম চলমান রাখা সম্ভব হবে।	সভায় মহামারী/ আপদকাল মোকাবেলায় বিশেষ পদক্ষেপের রুপরেখাটি ঘটনাস্তর অনুমোদন করা হয়।	ব্যবস্থাপক( আইসিটি) আরপিসিএল
০৩	ইনোভেশন টিমের সভা	ইনোভেশন টিমের কর্মপরিকল্পনায় কমপক্ষে ৬টি সভা আয়োজনের করার লক্ষ্যমাত্রা রয়েছে। তবে সভায় নির্দিষ্ট মাস উল্লেখপূর্বক ৮টি সভা আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়।	১. ৬টি সভা যথাক্রমে আগস্ট , অক্টোবর, ডিসেম্বর, ফেব্রুয়ারি, এপ্রিল ও জুন মাস ছাড়াও বাকী দুটি সভা যেকোন সুবিধাজনক সময়ে আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। ২. এছাড়াও ইনোভেশন টিমের সভায় শতভাগ বাস্তবায়নযোগ্য সিদ্ধান্ত গ্রহন করতে হবে।	ব্যবস্থাপক( আইসিটি) আরপিসিএল
০৪	আইডিয়া বাস্তবায়ন	আরপিসিএল এর ইনোভেশন ও এপিএ টিমের কর্মপরিকল্পনায় নূন্যতম একটি করে ইনোভেশন আইডিয়া, ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প, সেবা সহজিকরন ও একটি ডিজিটাল সেবা বাস্তবায়নের লক্ষ্যমাত্রা রয়েছে। নতুন আইডিয়া বিগত অর্থবছরে প্রাপ্ত আয়ডিয়াসমূহ পুনরায় পর্যালোচনা করে প্রয়োজনীয় সংশোধনীর জন্য আইডিয়া	প্রতিটি বিদ্যুৎ কেন্দ্র হতে নূন্যতম একটি করে ইনোভেশন আইডিয়া, ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প, সেবা সহজিকরন ও আইসিটি সেল হতে একটি ডিজিটাল সেবা বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।	আইসিটি সেল ও প্ল্যান্ট ইনচার্জ, এমপিএস/জিপিপি/ আরপিপি



		প্রদানকারীকে নির্দেশনা প্রদান করা যেতে পারে বলে সভায় মত প্রকাশ করা হয়।	
০৫	বিবিধ	উপরিউক্ত বিষয়াবলী ছাড়াও কর্মপরিকল্পনার প্রতিটি বিষয় আলোচনা করতঃ সিদ্ধান্ত গ্রহন করা হয়।	১। বরাদ্দকৃত ৫ লক্ষ টাকার খাত অনুযায়ী বন্টন করে বাস্তবায়ন করতে হবে। ২। আগামী মাসে উদ্ভাবনী উদ্যোগ/ সেবা সহজিকরণের আহবান করা হবে। ৩। অগ্রিম ট্রেইনিং সূচী প্রণয়ন করতঃ এটুআই এর সাথে যোগাযোগ করে ট্রেইনিং সম্পন্ন করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
 (মোঃ সেলিম হুইয়া)  
 ইনোভেশন অফিসার  
 ও  
 নির্বাহী পরিচালক (প্রকৌশল)  
 রুরাল পাওয়ার কোম্পানী লিঃ।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে) :

১. সচিব (সংস্কার ও সমন্বয়), মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২. ব্যবস্থাপনা পরিচালক, আরপিসিএল, ঢাকা।
৩. উপ-সচিব (প্রশাসন), বিদ্যুৎ বিভাগ, বিজ্ঞান মন্ত্রণালয়, ঢাকা।
৪. ইনোভেশন টিমের সকল সদস্যবৃন্দ, আরপিসিএল, ঢাকা।
৫. প্ল্যান্ট ইনচার্জ, এমপিএস/জিপিপি/ আরপিপি, ময়মনসিংহ/ গাজীপুর/ চট্টগ্রাম।
৬. অফিস কপি।

বিতরণ(সদয় কার্যার্থে):

১. প্ল্যান্ট ইনচার্জ, এমপিএস/জিপিপি/ আরপিপি, ময়মনসিংহ/গাজীপুর/চট্টগ্রাম। আলোচ্যসূচী-০৪ এর আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।
২. ব্যবস্থাপক (ট্রেইনিং), আরপিসিএল, ঢাকা। আলোচ্যসূচী-০৫ এর আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।
৩. ব্যবস্থাপক (আইসিটি), আরপিসিএল, ঢাকা। (আলোচ্যসূচী-০১, ০২, ০৩, ০৪ এবং ০৫ এর আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন, কার্যবিবরণীটি আরপিসিএল ওয়েবসাইটে আপলোড এবং বিদ্যুৎ বিভাগের সংশ্লিষ্ট প্রোগ্রামারের নিকট প্ররণের ব্যবস্থা নিবেন)